দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 2 4 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

16

## বেসরকারী শিক্ষকদের আন্দোলনের কর্মসূচী ঘোষণা

ইত্তেফাক রিপোর্ট ॥ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশ শতকরা ৮০ ভাগ হইতে ১০০ ভাগে উত্তীর্ণ করা-সহ ১৫ দফা দাবী আদায়ের লক্ষ্যে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন গত বৃহস্পতিবার এক প্রতিনিধি সভায় ২ মাসব্যাপী আন্দোলনের কর্মসূচী ঘোষণা করিয়াছেন। সভায় বলা হয়, প্রধান মন্ত্রী শেখ হাসিনা

( ১০ম পৃঃ দ্রঃ )

## বেসরকারী শিক্ষকদের

( ৩য় পৃঃ পর )

শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় বেসরকারী শিক্ষকদের মূল বেতন ১০০ ভাগ দেওয়ার সদিচ্ছা প্রকাশ করিয়াছিলেন। ইহা ছাড়া শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধি দলের সহিত এক বৈঠকে এই ব্যাপারে পুনঃপ্রতিশ্রুতি প্রদানের পরও অদ্যাবধি সকল বেসরকারী স্কুল-কলেজ শিক্ষকদের ১০০ ভাগ মূল বেতন দেওয়ার কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয় নাই। বরং মহল-বিশেষ কর্তৃক শিক্ষকদের তথাকথিত যোগ্যতা নির্ধারণের প্রশ্ন তুলিয়া বিষয়টি জটিল করা হইয়াছে। সংগঠনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সেক্রেটারী জেনারেল কাজী ফারুক আহমেদ, অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, আলী আকবর খান, মোঃ সেলিম ভুঁইয়া প্রমুখ বক্তৃতা করেন।

কর্মসূচীর মধ্যে রহিয়াছে ১লা আগষ্ট প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি পেশ, ২রা আগষ্ট হইতে ১০ আগষ্ট থানা ও জেলা পর্যায়ে সকল স্কুল-কলেজে ছাত্র-শিক্ষক-অভিভাবক ও জনপ্রতিনিধিদের সহিত মত বিনিময় করা হইবে। ইহাছাড়া ১৪ হইতে ৩১শে আগষ্টের মধ্যে ৬টি বিভাগীয় শহরে সমাবেশ অনুষ্ঠিত হইবে।